গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা

# এপিএ টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) |
| সভার তারিখ | ১৯ মে ২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | অফিস কক্ষ (কক্ষ নং-৬২১, ৬ষ্ঠ তলা), রেলভবন, ঢাকা। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ণ নির্দেশিকা, ২০২২-২৩-এর সময়সূচি (এপিএ ক্যালেন্ডার) অনুযায়ী উর্ধ্বতন অফিসের মতামত গ্রহণপূর্বক খসড়া এপিএ সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগ-এর এপিএএমএস সফটওয়্যারে আগামী **৩০ মে ২০২২ তারিখের মধ্যে দাখিলের বাধ্যবাধকতা** রয়েছে।তিনি আরও জানান, রেলপথ মন্ত্রণালয়-এর ২০২২-২৩ এপিএ-এর খসড়া ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ-এর এপিএএমএস সফটওয়্যারে দাখিল করা হয়েছে। দাখিলকৃত খসড়া এপিএ-এর মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক পর্যবেক্ষণ পাওয়া গেছে। এছাড়া, বাংলাদেশ রেলওয়ের ২০২২-২৩ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর খসড়া এপিএএমএস সফটওয়্যারে দাখিল করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত পর্যবেক্ষণের আলোকে রেলপথ মন্ত্রণালয়-এর ২০২২-২৩ অর্থবছরের খসড়া এপিএ আলোচনা ও বাংলাদেশ রেলওয়ে-এর ২০২২-২৩ অর্থবছরের খসড়া এপিএ পর্যালোচনার লক্ষ্যে আজকের এ সভা আয়োজন করা হয়েছে।

২। অতঃপর তিনি ড. সৈয়দা নওশীন পর্ণিনী (উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা)-কে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য আহ্বান করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত পর্যবেক্ষণের আলোকে রেলপথ মন্ত্রণালয়-এর ২০২২-২৩ অর্থবছরের খসড়া এপিএ-এর উপর আলোচনা; | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত পর্যবেক্ষণের আলোকে রেলপথ মন্ত্রণালয়-এর ২০২২-২৩ অর্থবছরের খসড়া এপিএ বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয়, কর্মসম্পাদন সূচক [১.১.১], [১.১.২], [১.২.২], [১.৩.১] , [১.৪.১], [১.৪.২], [১.৫.১] , [১.৬.১], [২.১.১], [২.২.১], [২.২.৩], [২.৩.৩], [২.৪.১], [২.৫.৩], [৩.৩.১], [৪.১.৩], [৪.১.৪] এবং [৪.২.১] এর লক্ষ্যমাত্রা বাড়ানো ছাড়াও কয়েকটি সূচক অন্তর্ভূক্তকরণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ-এর নির্দেশনা রয়েছে। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ পর্যবেক্ষণকৃত প্রতিটি কর্মসম্পাদন সূচক পুঙ্খানুপুঙ্খভাবে যৌক্তিক পর্যালোচনা করা হয়। এছাড়া, নতুন সূচক অন্তর্ভূক্তির বিষয়ে প্রকৃত বাস্তবতার নিরিখে কতটা যুক্তিযুক্ত হবে সে বিষয়ে বিস্তারিত আলোচনায় উপস্থিত সকলে অংশগ্রহণ করেন। | ক.১ কর্মসম্পাদন সূচক [১.১.১] এর বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে লক্ষ্যমাত্রা পুনর্মূল্যায়ন করে মতামত দিবেন<br><br>ক.২ কর্মসম্পাদন সূচক [১.২.২] এর লক্ষ্যমাত্রা মন্ত্রণালয় কর্তৃক ২০টি নির্ধারণ করা হয়েছে বিধায় বাংলাদেশ রেলওয়ে-কে লক্ষ্যমাত্রা বৃদ্ধি/সমন্বয় করতে হবে<br><br>ক.৩ চলমান বৈশ্বিক মহামারি পরবর্তী প্রেক্ষাপট বিবেচনায় কর্মসম্পাদন সূচক [১.১.২], [১.৩.১], [১.৪.১], [১.৪.২], [২.৩.৩] এ বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে<br><br>ক.৪ কর্মসম্পাদন সূচক [১.৫.১] ও [১.৬.১] এ সামঞ্জস্যপূর্ণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে<br><br>ক.৫ কর্মকর্তাদের বদলি এবং ম্যাজিস্ট্রেসি ক্ষমতা না থাকায় কর্মসম্পাদন সূচক [২.১.১] এ লক্ষ্যমাত্রা বৃদ্ধির কোন অবকাশ নেই<br><br>ক.৬ জিআইবিআর এর জনবল ঘাটতি থাকায় কর্মসম্পাদন সূচক [২.২.৩] এ লক্ষ্যমাত্রা অপরিবর্তিত রাখা হয়েছে;<br><br>ক.৭ কর্মসম্পাদন সূচক [২.৪.১] এর বাস্তবায়ন অনিশ্চিত বিধায় লক্ষ্যমাত্রা অপরিবর্তিত রাখা হয়েছে;<br><br>ক.৮ কর্মসম্পাদন সূচক [২.৫.১] এর লক্ষ্যমাত্রা বাড়িয়ে ৫০টি এবং [৪.২.১] এর লক্ষ্যমাত্রা বাড়িয়ে ৬টি করতে হবে;<br>ক.৯ কর্মসম্পাদন সূচক [৩.৩.১] এর ওয়ার্ডিং পরিবর্তন করে ক্রয়কৃত বিজি লোকোমোটিভ হিসেবে নামকরণ করতে হবে;<br><br>ক.১০ কর্মসম্পাদন সূচক [৪.১.৩] এ টেলিকম খাত হতে আয় হিসেবে সূচক নির্ধারণ করতে হবে;<br><br>ক.১১ “১৫০টি এমজি যাত্রীবাহী কোচ ক্রয় ও ম্যানুফেকচারিং”, “The Railways Act, ১৮৯০ সংশোধন ও বাংলায় অনুবাদের কার্যক্রমটি মন্ত্রণালয় পর্যায়ে চূড়ান্তকরণ”, “মাগুরা জেলায় রেলপথ স্থাপন” এবং “রেলওয়ে টাইম টেবিল পরিপালন” সূচকসমূহ অন্তর্ভূক্ত করতে হবে;<br><br>ক.১২ সংযোজনী-২ এ নির্দেশিকায় বর্ণিত নির্দেশনার আলোকে উপযুক্ত প্রমাণক উল্লেখপূর্বক পূরণ করতে হবে। | ১) এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়<br>২) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |

| | | | |
|---|---|---|---|
| খ) বাংলাদেশ রেলওয়ে-এর ২০২২-২৩ অর্থবছরের খসড়া এপিএ পর্যালোচনা। | বাংলাদেশ রেলওয়ে-এর ২০২২-২৩ অর্থবছরের খসড়া এপিএ পর্যালোচনার বিষয়ে আরেকটি সভা আহ্বানে উপস্থিত সকলে সহমত পোষণ করেন। | খ.১ আগামী ২৫.০৫.২০২২ বেলা ১২.০০ ঘটিকায় সভাটি আহ্বান করতে হবে। | এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয় |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সিরাজুল ইসলাম
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০৫.২০.৪৬

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৯
২৩ মে ২০২২

বিতরণ (সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি) ও দলনেতা, এপিএ টিম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
২) যুগ্মসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব (বাজেট) ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৪) উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
৫) যুগ্মসচিব (উন্নয়ন-২ অধিশাখা) ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৬) উপসচিব, প্রশাসন-৪ শাখা, রেলপথ মন্ত্রণালয়
৭) উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৮) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়
৯) উপসচিব (প্রশাসন-৬) ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১০) পরিচালক, পরিচালক (ইঞ্জিঃ এ্যান্ড এস্টেট)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
১১) উপসচিব (প্রশাসন-৪) ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১২) অতিরিক্ত সচিব, বাজেট ও পরিবীক্ষন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়

ওয়াহেদুর রশীদ
সহকারী সচিব